



# গাজী মেডিকেল কলেজ Gazi Medical College

সভার নামঃ পরিচালনা পর্ষদ সভা, ২০১৫

তারিখঃ ০৬ নভেম্বর ২০১৫

স্থানঃ কনফারেন্স রুম, গাজী মেডিকেল কলেজ হাসপাতাল, সোনাডাঙ্গা, খুলনা।

অধ্যক্ষ পরিচালনা পর্ষদের সভায় সভাপতিত্ব করেন গাজী মেডিকেল কলেজের মাননীয় চেয়ারম্যান জনাব ডা. গাজী মিজানুর রহমান। আলোচনার শুরুতে সভাপতি মহোদয় নিজের পরিচয় দিয়ে সবাইকে নিজ পরিচিত হতে অনুরোধ করেন। পরিচয় পর্ব শেষে সভাপতি মহোদয়কে International Socrates Award'15 প্রাপ্তির জন্য পরিচালনা পর্ষদ তাকে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানানো হয়।

## উপস্থিতিঃ

পরিচালনা পর্ষদের মোট ১৫ জন সদস্যদের মোট ১২ জন সদস্য উপস্থিত ছিলেন। উপস্থিত সদস্যদের নাম ও পদবী নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম	পদবী
১	ডাঃ গাজী মিজানুর রহমান	চেয়ারম্যান
২	অধ্যাপক ডাঃ শৈলেন্দ্র নাথ মিস্ত্রী	সদস্য সচিব
৩	মিসেস তানিয়া রহমান	দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য
৪	গাজী তানজিনা মেহনাজ	প্রতিষ্ঠাতা সদস্য
৫	অধ্যাপক ড. মোঃ আহসান হাবিব	রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি
৬	অধ্যাপক ড. শাহরিয়ার জামান	রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি
৭	অধ্যাপক ডাঃ আব্দুল্লাহ আল মাহবুব	স্বাস্থ্য মন্ত্রণালয় প্রতিনিধি
৮	অধ্যাপক ডাঃ ইয়াছিন আলী গাজী	শিক্ষক প্রতিনিধি
৯	ডাঃ বঙ্গ কমল বসু	শিক্ষক প্রতিনিধি
১০	মোঃ কামরুল হাসান	অভিভাবক প্রতিনিধি
১১	ডাঃ মুজিবুর রহমান	বিদ্যোৎসাহী সদস্য
১২	ডাঃ কাজী মুজাহিদুল ইসলাম	বিশেষজ্ঞ প্রতিনিধি

## সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্তসমূহঃ

১। প্রথমেই পরিচালনা পর্ষদের পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ করেন পর্ষদের সদস্য সচিব অধ্যাপক ডা. শৈলেন্দ্র নাথ মিস্ত্রী। প্রফেসর ড. শাহরিয়ার জামান পূর্ববর্তী রেজুলেশনের অগ্রগতি সম্বন্ধে আলোচনার অবতারণা করেন এবং তারপর রেজুলেশন এর অনুমোদন প্রদান করা হয়।

২। ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ভর্তি নিয়ে আলোচনা করা হয় এবং আসন সংখ্যা ৯০ থেকে ১০০ তে রূপান্তরিত করার জন্য যে যে কাজগুলি করার কথা তার অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। অস্বচ্ছল মেধাবী কোটায় ভর্তির জন্য আবেদনপত্র যাচাই-বাছাই

করে প্রাথমিকভাবে ০৫ জনকে মেধা তালিকায় ও ০২ জনকে অপেক্ষমান তালিকায় রাখার প্রাথমিক সিদ্ধান্ত রাখা হয়। সেক্ষেত্রে পরিচালনা পর্ষদের রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি এবং মন্ত্রণালয়ের প্রতিনিধি নিয়ে গঠিত কমিটি এই যাচাই বাছাই প্রক্রিয়া সম্পন্ন করে।


৩। পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ইউরোপিয়ান বিজনেস এ্যাসোসিয়েশন থেকে 'ম্যানেজার অব দি ইয়ার' ও গাজী মেডিকেল কলেজ সেরা মেডিকেল কলেজ হওয়ায় পর্ষদ চেয়ারম্যানকে ফুলেল শুভেচ্ছা দেয়া হয়। তাছাড়া Education Tourism কে জনপ্রিয় করার জন্য এবং প্রক্রিয়াটি শুরু করার জন্য Medical Education Tourism নিয়ে একটি সাব কমিটি বিষয়টি সঠিকভাবে পর্যালোচনা করে একটি নীতিমালা দাঁড় করিয়ে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়

৪। ২০১৫-১৬ সালের উন্নয়ন আলোচনায় প্রাধান্য পায় কলেজের স্থায়ী ক্যাম্পাসের জন্য KDA plan পাশ করার বিষয়টি যা KDA তে পাঠানো হয়েছে, World Medical Directory স্থান পাওয়া, Health Bulletin প্রকাশনার ব্যবস্থা করা, চলতি বছরের শেষের দিকে স্থায়ী ক্যাম্পাস শুরু করা, ক্যান্টিন চালু করা এবং ২টি গবেষণা প্রকল্প শুরু করা অন্যতম।

৫। ২০১৫ সালের সালের সামগ্রিক কর্মকান্ড নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এর মধ্যে অন্যতম ছিল প্রফেশনাল পরীক্ষার রেজাল্ট ও কিভাবে আরো ভালো করা যায় তার রূপরেখা তৈরি করা, সাপলিমেন্টারি ও রি-সাপলিমেন্টারি পরীক্ষা একই সময়ে নেয়া যায় কিনা এবং এ বিষয়টি নিয়ে অন্য মেডিকেল কলেজগুলোতে যোগাযোগ করা, আন্ডার স্কোর ভর্তি, কোর্টের রায় ও রেজিস্ট্রেশন করা, ছাত্র-ছাত্রীদের ক্লাশে আরো মনযোগী করা ইত্যাদি। অতিরিক্ত ক্লাশ নিয়ে পিছিয়ে পড়া ছাত্র-ছাত্রীদের এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করা সুপারিশ করা হয়। এবং গত সভার ০২ নং সিদ্ধান্তটি আরো মনিটরিং করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।


৬। অধ্যকার সভায় গাজী মেডিকেল কলেজের শিশু বিভাগের সহকারি অধ্যাপক ডাঃ বরকত আলী ও ফিজিওলজি বিভাগের সহকারি অধ্যাপক ডাঃ অহিদা সুলতানা এর আবেদনের প্রেক্ষিতে তাদেরকে শর্তস্বাপেক্ষে সহযোগী অধ্যাপক (চঃ দাঃ) এবং কমিউনিটি মেডিসিনের প্রভাষক ডাঃ মোঃ আব্দুল হান্নানকে সহকারি অধ্যাপক হিসাবে পদোন্নতি দেয়ার সুপারিশ করা হলো। এছাড়াও কলেজ প্রশাসন বিভাগের তিনজনকে পদোন্নতি দেয়ার সুপারিশ করা হয়।

সভায় অন্য কোন আলোচ্যবিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন এবং ধন্যবাদ জ্ঞাপন করে অধ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।



ডাঃ গাজী মিজানুর রহমান  
চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ  
গাজী মেডিকেল কলেজ

সম্মানিত সকল সদস্যবৃন্দের অবগতির জন্য রেজুলেশনের অনুলিপি প্রদান করা হলো।



অধ্যাপক ডাঃ শৈলেন্দ্র নাথ মিশ্রী  
সদস্য সচিব, পরিচালনা পর্ষদ ও অধ্যক্ষ  
গাজী মেডিকেল কলেজ